



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিএম, প্রধান কার্যালয়
www.bsti.gov.bd
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫১.১৪৫.২৩.৫১৭ / ২৩৭ ২৬৫

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, আইসিডি, কমলাপুর, ঢাকা।

বিষয়: এলসি নং ৩২০৬২৪০১০০০২, তারিখ: ০৪-০১-২০২৪, বিল অব এন্ট্রি নং- সি ৩৭৮৬, তারিখ: ১১-০২-২০২৪ এর মাধ্যমে শিলাপুর হতে আমদানিকৃত হাউজহোল্ড রেফ্রিজারেটর (পরিমাণ: ৯৬ পিস) ছাড়করণে জন্য সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের এস আর ও নং ৯২-আইন/২০২২; তারিখ: ২০-০৪-২০২২ মূলে জারীকৃত আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ অনুযায়ী বিএসটিআই'র বাধ্যতামূলক সিএম লাইসেন্স এর আওতাভুক্ত আমদানিকৃত রেফ্রিজারেটর পণ্য বন্দর হতে খালাস প্রক্রিয়া সহজিকরণের জন্য বিশেষ ক্ষেত্র বিবেচনায় নিম্নবর্ণিত শর্তে সাময়িক ছাড়পত্র প্রদান করা হলো:

শর্তসমূহ:

- সাময়িক ছাড়পত্র ইস্যুর পর আমদানিকৃত হাউজহোল্ড রেফ্রিজারেটর (৯৬ পিস) পণ্য অনধিক ৩ (তিন) দিনের মধ্যে আমদানীকারকের নিজস্ব ওয়ারহাউজ/গুদামে মালামাল স্থানান্তর পূর্বক বিএসটিআইকে অবহিত করতে হবে।
- বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে উক্ত ওয়ারহাউজ/গুদাম যাচাই করে সিলগালা করবে এবং চূড়ান্ত ছাড়পত্র ইস্যু না হওয়া পর্যন্ত মালামাল ১৯০/১, রায়েরদিয়া, উলুখোলা, কালিগঞ্জ, গাজীপুর ওয়ারহাউজ/গুদামে সিলগালা অবস্থায় থাকবে।
- বিএসটিআই কর্তৃক চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পূর্বে কোন অবস্থাতেই উক্ত পণ্য বিক্রয়-বিতরণ করা যাবে না।
- বিএসটিআই জমাকৃত নমুনা সিটিজেন চার্টারে উল্লেখিত সময়ের মধ্যে পরীক্ষণ (Test) করবে। বিএসটিআই'র পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক পাওয়া গেলে উক্ত পণ্যের অনুকূলে চূড়ান্ত ছাড়পত্র প্রদানসহ সিলকৃত ওয়ারহাউজ/গুদাম বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে খুলে দিবে।
- পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক না হলে চূড়ান্ত ছাড়পত্র প্রদান করা হবে না ও কাস্টমস কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হবে এবং এ মালামাল বিক্রি-বিতরণ করলে বিএসটিআই আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।
- আমদানিকৃত পণ্য বিডিএস অনুযায়ী পরীক্ষণে অকৃতকার্য হলে আমদানীকারক নিজ জিম্মায় বিএসটিআই'র কর্মকর্তাদের উপস্থিতিতে মালামাল ধ্বংস করবে এবং বিএসটিআই'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে একটি প্রতিবেদন তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- উপরোক্ত নিয়মের ব্যত্যয় ঘটলে আমদানীকারকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ উক্ত প্রতিষ্ঠানকে ভবিষ্যতে কোনো সাময়িক ছাড়পত্র প্রদান করা হবে না।

আপনার বিশ্বস্ত,



২৭-০২-২০২৪

মোঃ নুরুল আমিন

পরিচালক

৫৫০৩০১১৩

nurulamin.bsti@gmail.com

নম্বর:

১৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ


তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। স্বত্বাধিকারী, এস. এন. এম ইন্টারন্যাশনাল, ৬ ডি.আই.টি এডিনিউ (৬ষ্ঠ তলা), মতিঝিল বাণিজ্যিক এলাকা, মতিঝিল, ঢাকা। (আমদানিকৃত মালামল ওয়্যারহাউজ/গুদামে পৌঁছার পর বিএসটিআই, ঢাকা-কে অবহিত করার জন্য অনুরোধসহ);

২। সহকারী পরিচালক, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (প্রধান কার্যালয়), বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (সেরেজমিনে পরিদর্শনকরে আমদানিকৃত মালামালসহ সংশ্লিষ্ট ওয়্যারহাউজ/গুদাম যৌথভাবে সিলগালা করতে হবে এবং চূড়ান্ত ছাড়পত্র ইস্যুর পর সিলগালা খুলে দিতে হবে) এবং

৩। ফিল্ড অফিসার, সিএম, প্রধান কার্যালয়, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (সেরেজমিনে পরিদর্শনকরে আমদানিকৃত মালামালসহ সংশ্লিষ্ট ওয়্যারহাউজ/গুদাম যৌথভাবে সিলগালা করতে হবে এবং চূড়ান্ত ছাড়পত্র ইস্যুর পর সিলগালা খুলে দিতে হবে)।



২৭-০২-২০২৪

খালিদ রেজা চৌধুরী

সহকারী পরিচালক